গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শামীম আহমেদ মুরাদ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ধর্মপাশা, সুনামগঞ্জ |
| সভার মাস | ঃ | জুলাই ২০২৪ ইং |
| সভার তারিখ | ঃ | ৩০ জুলাই ২০২৪খ্রিঃ |
| সময় | ঃ | বেলা- ১১:২০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশাকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশাকে অনুরোধ জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে জানান। কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তাসহ সকল সদস্যগন শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃনং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। বিদ্যুৎ বিভ্রাটের জন্য সেবা প্রদানে মাঝে মাঝে কিছুটা ঘাটতি হয়ে থাকে। বিকল্প বিদ্যুৎতের ব্যবস্থা করা গেলে এলাকার মানুষ ও সেবা গ্রহীতাগণ অনেক উপকৃত হতেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধর্মপাশা। |
| ২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভায় জানান যে, ধর্মপাশা উপজেলায় চলমান খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় ৫২৭০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধরণ করা হয়েছে। দ্রুত আমন বীজতলা তৈরী করার জন্য পরামর্শ প্রদান করা হবে। প্রনোদনা কর্মসূচীর আওতায় ৪০০ জন কৃষকের মধ্যে বিনামূল্যে বীজধান ও সার শীগ্রই বিতরণ করা হবে। | খরিপ-২ মৌসুমে দ্রুত কৃষকদের মাথে প্রনোদনা বীজ ও সার সরবরাহ করতে হবে। মাঠ পর্যায়ে বীজতলা তৈরীতে পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ধর্মপাশা |
| ৩ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন না। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধর্মপাশা। |
| ৪ | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ধর্মপাশা একটি হাওড় বেষ্টিত উপজেলা এই উপজেলায় অনেক নদ-নদী, হাওর বাওড় রয়েছে এখানে মা মাছ নিধন বন্ধের উদ্যোগ গ্রহণ করতে হবে। কারেন্ট জাল, বের জাল সহ পোনা ও মা-মাছ নিধনের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৫ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সকলের সহযোগীতায় এডিপি ২০২৩-২০২৪ অর্থ বছর বাস্তবায়ন সম্ভব হয়েছে। তিনি আরো জানান এডিপি ২০২৪-২০২৫ অর্থ বছরের কাজ সকলকে নিয়ে সম্পন্ন করার ইচ্ছা পোষণ করেন। দপ্তরের কার্যক্রম সন্তোষজনক আছে বলে জানান। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা |
| ৬ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি আরো জানান, উপজেলায় প্রতিটি স্কুলের বই উপজেলায় প্রথমে আসে এবং সেখান থেকে স্কুলে স্কুলে বিতরণ করা হয়। তার জন্য একটি গোডাউন প্রয়োজন। | ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা। |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে।<br>ধর্মপাশা সদর ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, ধর্মপাশা সদর ইউপির অন্তর্গত জনতা উচ্চ বিদ্যালয়টি শিক্ষা কার্যক্রম সঠিকভাবে পরিচালন হচ্ছে না বলে সভায় অবগত করেন। | ধারাবাহিকতা বজায় রেখে পাঠ্য কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। জয়শ্রী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, হত দরিদ্রদের ৪০ দিনের কর্মসৃজন কর্মসূচী চালু করার জন্য প্রয়োজনীয় প্রদক্ষেপ নেওয়ার অনুরোধ করা হয়। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। হত দারিদ্রদের ৪০ দিনের কর্মসৃজন কর্মসূচী চালু বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১০ | <u>পানি উন্নয়ণ বোর্ডঃ</u> পানি উন্নয়ন বোর্ড সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনাক্রমে সভাপতি জানান যে, ফসল রক্ষা বাধগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়ন হয় এ বিষয়ে সু দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী (পানি উন্নয়ন বোর্ড), ধর্মপাশা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | সরকারি বিধি মোতাবেক সার্বিক কার্যক্রম পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৪ | **উপজেলা খাদ্য অধিদপ্তরঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধর্মপাশা। |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৭ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা দপ্তরের কার্যক্রম অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কে জনশুমারি ও গৃহগননা কাজ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ অনুযায়ী রিপোর্ট প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০ | **উপজেলা রির্সোস সেন্টারঃ** উপজেলা রির্সোস কর্মকর্তা দপ্তরের কার্যক্রম অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২১ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাটিলেটর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্থানীয় সরকার জানান যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার কমিটি গঠন ও খসড়া পরিকল্পনা প্রনয়ণের জন্য প্রস্তাব পেশ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা ইউডিএফ ধর্মপাশা। |
| ২২ | **উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প(পজীপ)ঃ** উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৩ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জনান, চলতি মাসে সদস্য ভর্তি ০৩ জন। সঞ্চয় আদায়- ৪.২২ লক্ষ, সঞ্চয় ফেরত-১০.৭২ লক্ষ মাসে ঋণ বিতরন ১৬.৯৫ লক্ষ। মাসে ঋন আদায়যোগ্য ৩৪.৭৪ লক্ষ, মাসে ঋন আদায় ৩৯.৬৪ লক্ষ। চলতি মাসে ঋণ আদায় ৯৯%, বার্ষিক ঋণ আদায় ৯৮%। বছরে ঋণ বিতরন ৪১৩.৯৫ লক্ষ। মোট সদস্য ৮০৪ জন্য। মাচে পাওনা ঋণ ৩৪৯.২১ লক্ষ। মোট খেলাপী ৬৪.৯১লক্ষ মোট খেলাপী সদস্য ৪১৩ জন। ওডি ৪১.৭৫লক্ষ ওডি সদস্য ২৮০জন। সদয় সঞ্চয় জমা ১৩৯.৬১লক্ষ। তাছাড়া দাপ্তরিক কাজ সন্তোষজনক বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৪ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, ধর্মপাশা, |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **আমার বাড়ী আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)ঃ** পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | আমার বাড়ী আমার খা[illegible] কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৬ | **গ্রাম আদালত প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী জানান যে, গ্রাম আদালত প্রকল্পের আওতায় ০৬টি ইউনিয়নের মে/২৪ মাসের অপেক্ষামান মামলা ছিল ০৯টি। জুন/২৪ মাসের ছয়টি ইউনিয়নে দাখিলকৃত মামলা ছিল সংখ্যা ছিল ০৪ টি। অপেক্ষামাস সহ জুন/২৪ মাসের বিচারধীন মোট মামলা ১৩টি। তার মধ্যে মোট নিষ্পত্তিকৃত মামলা ৪টি। নিষ্পত্তি শেষে জুন/২৪ মাসে ছয়টি ইউনিয়নের মোট অপেক্ষামাস মামলা রইল ০৯টি। তিনি বলেন তৃনমূল পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠির বিচারের প্রবেশাধীর নিশ্চিত করণে গ্রাম আদালত কার্যকর করা অত্যন্ত জরুরি। তিনি সকল দপ্তরের সহযোগিতা কামনা করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ও উপজেলা সমন্বয়কারী, ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৭ | **উপজেলা পরিষদঃ**<br>উপজেলা পরিষদ চেয়ারম্যানঃ উপস্থিত সকলকে স্বাগত জানান, তিনি আরো জানান যে, আমার বাড়ি কান্দাপাড়া অথচ ধর্মপাশা থেকে কান্দাপাড়া যাওয়ার রাস্তাই সবচেয়ে বেহাল দশা হয়ে পড়ে আছে। তিনি বলেন ধর্মপাশা উপজেলার বেশী রাস্তাই হাওরের পাড়ে তাই রাস্তা করার সময় যেন গাইডওয়াল ব্যবহার করা হয়। ধর্মপাশা উপজেলায় অনেক খাস জমি রয়েছে যা ব্যক্তিমালিকানার অধিন এই জমি গুলো উদ্ধার করা খুবই জরুরি প্রয়োজন। ধর্মপাশায় কোন বাসস্টেন্ড নেই যেন বাস স্টেন্ড করা যায় সেটির জন্য জায়গার খোজ নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। ধর্মপাশার ইজিবাইক রিকসার জন্য লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করেন। ধর্মপাশা পুরো বাজারকে আলোর আওতায় আনার জন্য আলোচনা করেন। ওয়াকওয়ে কোথায় বানানো যায় সে বিষয়ে আলোচনা করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সকল দপ্তরের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা ভাইস চেয়ারম্যানঃ<br><br>**জয়শ্রী ইউপি** সভায় জানান যে, জয়শ্রী-মধ্যনগর রাস্তায় বরই-বাখরপুর গ্রামের মাঝে ডহর নদীতে নির্মিত স্লুইস গেইটের দুই পার্শ্বে সংযোগ সড়ক নির্মান করার আবেদন করেন। ইউনিয়ন পরিষদে ব্রডম্যান লাইন ব্যবহার করে সর্বোচ্চ ইন্টারনেট সেবা নিশ্চিত করার জন্য কোটি টাকার উপরে যন্ত্রপাতি পরিষদে স্থাপন করেও সচল না থাকার কারণে অকেজো হয়ে পড়ছে পাশাপাশি সঠিক কার্যক্রম ব্যহত হচ্ছে বলে জানান।<br>জয়শ্রী-মধ্যনগর রাস্তায় বাদে হরিপুর-বরই গ্রামের মাঝে জৈষ্ঠ মাসে হাওরে পানি প্রবেশের সময় রাস্তা ভেঙ্গে গিয়ে গভীর গর্ত এবং চলার অনুপোযুগী হয়ে পড়েছে। বর্ষা পরবর্তী সময়ে দ্রুত সংস্কার করার জন্য অনুরোধ করেন।<br>**ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদঃ** তিনি সকলকে ধন্যবাদ দিয়ে সভায় জানান যে, ধর্মপাশা বাজারে সবজির দোকান রাস্তায় বসে যার জন্য রাস্তায় ভাল করে হাটা পর্যন্ত যায় না। এই দোকানগুলোকে তাদের নির্দিষ্ট জায়গায় যাওয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।<br>**সুখাইড় রাজাপুর দক্ষিন** সকলকে ধন্যবাদ জানান তিনি সভায় জানান যে, রনখালি ব্রিজ থেকে রাজাপুর ইউনিয়ন পরিষদ হয়ে রাজাপুর সরকারি সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও আরসিসি রাস্তা নির্মানের জন্য অনুরোধ করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের প্রকল্পগুলো উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ধর্মপাশা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সেলবরষ ইউপিসকলকে ধন্যবাদ জানান তিনি সভায় জানান যে, পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ২৮ | বিবিধঃ উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ<br>উপজেলা প্রকৌশলী জানান যে, জুলাই/২০২৪ খ্রি. মাসের অফিস আনুষাঙ্গিক বাবদ= ৫,০০০/-, জুলাই/২০২৪ খ্রি.অফিস আপ্যায়ন ও সভার আপ্যায়ন বাবদ-৩০,০০০/- টাকা। সাধারণ আনসারদের গ্যাস সিলিন্ডার বাবদঃ জুন/২০২৪=২৮৫০ টাকা, জুলাই/২০২৪=২৭৬০ টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ধর্মপাশা মডেল উপজেলা পরিষদ বাস্তবায়িত করার নিমিত্ত সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকল ইউপি জনপ্রতিনিধিগণ ও সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোনা আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শামীম আহমেদ মুরাদ)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২৪-৬০০তারিখঃ ৩০ জুলাই ২০২৪খ্রিঃ।
অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য- ২২৪, সুনামগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮-৩৫। উপজেলা-----------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৬। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা. ধর্মপাশা, সুনামগঞ্জ।
৩৭-৪৩। চেয়ারম্যান,ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ) ইউনিয়ন।
৪৪-৪৫। জনাবা----------------------- মহিলা সদস্যা--------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৪৬-৪৭। অফিস কপি/ মাষ্টার কপি।

৩০/০৭/২০২৪

(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।

CS CamScanner